

প্রবাসী শিক্ষক-ছাত্রদের

শিক্ষা সফর

ইংল্যান্ডের স্কুলসমূহের গ্রীষ্মকালীন ছুটিতে বাংলাদেশের টিচারস এসোসিয়েশন ইন (ইউকে) অন্যান্য বছরের মত এবারও বেথনাল গ্রীন নেইবার হুডের আর্থিক সহায়তায় দু'টি শিক্ষামূলক সফরের ব্যবস্থা করেছিলেন। উক্ত শিক্ষা সফরে সংগঠনের সদস্যবৃন্দ ও তাদের পরিবারবর্গ অংশ নেন।

প্রথম পর্যায়ের সফর ছিল ১ আগস্ট ফ্রান্সের সমুদ্র তীরবর্তী শহর ক্যালেইতে গমন। সকাল ৮টায় কমার্শিয়াল স্ট্রীট হতে কোচ যোগে সকল সদস্যবৃন্দ যাত্রা করে ১১টায় ডোভার পৌঁছেন এবং ডোভার থেকে হোভার ক্রাফট ইংলিশ চ্যানেল পার হয়ে ফ্রান্স পৌঁছেন দুপুর ১২টায়। টার্মিনালে ইমিগ্রেশন চেকিং-এর পর ফ্রান্স হোভার ক্রাফটে কোচ সবাইকে ক্যালেই শহরে পৌঁছিওয়া দেয়। সদস্যবৃন্দ শহরের ঐতিহাসিক ও গুরুত্বপূর্ণ স্থানসমূহ ঘুরে ঘুরে দেখেন। বিভিন্ন বিপনী কেন্দ্রে শপিং করেন এবং সমুদ্রে সীতার কাটেন। ঐদিন রাতে আবার ইংলিশ চ্যানেল হোভার ক্রাফট দ্বারা অতিক্রম লণ্ডন চলে আসেন সবাই।

দ্বিতীয় ও শেষ সফর ছিল ইংল্যান্ডের বিখ্যাত উইন্ডসর সাকারি পার্কে গমন। উক্ত সফরেও সদস্যদের পরিবারবর্গ সাথে ছিলেন। কমার্শিয়াল রোড থেকে সকাল ৮টায় যাত্রা করে ১০ ঘটিকায় উইন্ডসর সাকারি পার্কে সবাই পৌঁছেন এবং সাকারি পার্কের ভেতরে বিভিন্ন জীবজন্তু ঘুরে ঘুরে দেখেন এবং অনেক প্রকার খেলাধুলা উপভোগ করে ঐদিন রাতেই সবাই লণ্ডনফিরে আসেন।

উভয় সফরে অন্যান্যের মধ্যে ছিলেন সংগঠনের সভাপতি আবদুল ওয়াদুদ (মুকুল) এবং ব্যবস্থাপনায় ও সাংগঠনিক অন্যান্য বিষয়ের দায়িত্ব ছিলেন সহসভাপতি আবদুল কুদ্দুছ চৌধুরী, সাধারণ সম্পাদক আ ফ ম শামছন্দোহা কোষাধ্যক্ষ আফজাল হোসেন ছিদ্দিক মিয়া এবং এক্সিকিউটিভ কমিটির সদস্য ফেরদৌস হালিম খান। ববর বিজ্ঞপ্তির।

১৪